কালের কণ্ঠ

তারিখ · 2·4·APR·2015· ... ...
পৃঃ ··2·· ··· কলাম····৬·····

বেসরকারি শিক্ষক নিয়োগ

# 'পিএসসির আদলে কমিশন গঠনের ভাবনা'

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি শিক্ষক নিয়োগে দুর্নীতি কমাতে শিক্ষক নির্বাচন ও নিয়োগের জন্য পিএসসির আদলে কমিশন গঠনের চিন্তা করা হচ্ছে। গতকাল বৃহস্পতিবার রাজধানীর পলাশীর ব্যানবেইস সম্মেলন কক্ষে বেসরকারি শিক্ষক নির্বাচন ও নিয়োগবিষয়ক দিনব্যাপী কর্মশালায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) ওই কর্মশালার আয়োজন করে। কর্মশালায় শিক্ষামন্ত্রী জানান, বর্তমানে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক হওয়ার যোগ্যতা যাচাই ও নিবন্ধন করে এনটিআরসিএ। এবার পিএসসির আদলে বেসরকারি শিক্ষক নির্বাচন ও নিয়োগের সুপারিশ করবে এনটিআরসিএ।